

## 💵 আল্লাহ তা'আলার নান্দনিক নাম ও গুণসমগ্র: কিছু আদর্শিক নীতিমালা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায়: আল্লাহর গুণাগুণ সাব্যস্তকারী আহলে সুন্নাতের উপর আরোপিত বাতিলপন্থীদের কিছু সন্দেহ ও তার জওয়াব

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## সুন্নতের প্রমাণ

আল্লাহ তা'আলার সুউচ্চ অবস্থান কথা, কর্ম ও অনুমোদন এ তিন প্রকার সুন্নত দ্বারাই প্রমাণিত এবং তা বহু হাদীসে নানাভাবে এসেছে এবং সবগুলো মিলে মুতাওয়াতিরের পর্যায়ে গিয়ে পৌঁছে। নিম্নে এ জাতীয় কিছু হাদীস উল্লেখ করা হলো:

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিজদারত অবস্থায় বলেছেন:

«سبحان ربى الأعلى»

(পবিত্র মহান আমার রব, যিনি সর্বোচ্চ)[1]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম এক হাদীসে বলেছেন:

«إن الله لما قضى الخلق كتب عنده فوق عرشه: إن رحمتى سبقت غضبي»

আল্লাহ তা'আলা যখন সৃষ্টি করার সিদ্ধান্ত নিলেন, তিনি তাঁর কাছে আরশের ওপর লিখলেন, নিশ্চয় আমার রহমত আমার রাগ থেকে অগ্রগামী হয়েছে[2]।

অন্য এক হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

«ألا تأمنوني وأنا أمين من في السماء»

তোমরা কি বিশ্বাস করবে না; অথচ আমি হলাম যিনি আকাশে আছেন তাঁর বিশ্বাসের পাত্র।[3]

হাদীস দারা আরো প্রমাণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমার দিন মিম্বারে থাকা অবস্থায় দু'হাত উত্তোলন করেছেন এবং বলেছেন, 'হে আল্লাহ! আপনি আমাদের উদ্ধার করুন![4]'

আর তিনি আরাফার দিন খুতবা প্রদানকালে আকাশের দিকে হাত উত্তোলন করেছেন যখন মানুষেরা বলেছে, 'আমরা সাক্ষ্য দিচ্ছি যে আপনি পৌঁছে দিয়েছেন, দায়িত্ব আদায় করেছেন এবং নসীহত করেছেন। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, اللهم اشهد (হে আল্লাহ! আপনি সাক্ষী থাকুন)[5]।একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এক কৃতদাসীকে লক্ষ্য করে বললেন, 'আল্লাহ কোথায়?' উত্তরে সে বলল যে, 'আসমানে'। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তার কথা মেনে নিলেন এবং তার মনিবকে বললেন, 'তাকে আযাদ করে দাও, নিশ্চয় সে মুমিনা'[6]।

>



## ফুটনোট

- [1] মুসলিম হাদীস নং ৭৭২
- [2] বুখারী, হাদীস নং ৭৪২২; মুসলিম, হাদীস নং ২৭৫১।
- [3] বুখারী, হাদীস নং ৪৩৫১
- [4] বুখারী, হাদীস নং ১০১৪; মুসলিম, হাদীস নং ৮৯৭।
- [5] মুসলিম, হাদীস নং ১২১৮।
- [6] মুসলিম, হাদীস নং ৫৩৭।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=10387

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন